42

আজকের কাগজ

তারিখ 05 MAY 1995
পৃষ্ঠা ৬ কলাম ৫

# মিরসরাইয়ের ২৬টি শিক্ষা প্রতিষ্ঠানে ন্যায্যমূল্যের কাগজ উঠিয়ে বিতরণ না করার অভিযোগ

রাজু আহমেদ : মিরসরাই থানার ২৬টি শিক্ষা প্রতিষ্ঠান ন্যায্যমূল্যে সাদা কাগজ উঠিয়েও শিক্ষার্থীদের মধ্যে বিতরণ না করার অভিযোগ পাওয়া গেছে। অনেক শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীরাও জানে না তাদের শিক্ষা প্রতিষ্ঠান ন্যায্যমূল্যে কাগজ উঠিয়েছে। থানা নির্বাহী কর্মকর্তার সূত্রে জানা গেছে, সরকারি ঘোষণানুযায়ী থানার প্রত্যেকটি শিক্ষা প্রতিষ্ঠানকে ন্যায্যমূল্যে কাগজ সরবরাহ করার সিদ্ধান্ত হয়। এ ব্যাপারে সকল শিক্ষা প্রতিষ্ঠানকে চিঠি দেয়া হয়। এর প্রেক্ষিতে থানার ২৬টি শিক্ষা প্রতিষ্ঠান ন্যায্যমূল্যে কাগজ উঠানোর ছাড়পত্র নিয়েছে। এর মধ্যে স্কুল, কলেজ ও মাদ্রাসা রয়েছে। জানা যায়, অনেক শিক্ষা প্রতিষ্ঠান খবর পেয়েও কাগজ উত্তোলনের ছাড়পত্র নেয়নি। অভিযোগ উঠেছে অনেক শিক্ষা প্রতিষ্ঠান ন্যায্যমূল্যে কাগজ উত্তোলনের ছাড়পত্র নেয়নি। ন্যায্যমূল্যে কাগজ উত্তোলন করলেও তা শিক্ষার্থীদের মধ্যে বিতরণ করেনি। উল্লেখ্য, খোলাবাজারে সাদা কাগজের মূল্য দিস্তা প্রতি ১৪-১৬ টাকা। ন্যায্যমূল্যে সাড়ে ৮-৯ টাকা মাত্র। এ পর্যন্ত নিজামপুর কলেজ ৪০ রিম, মিরসরাই বালিকা উচ্চ বিদ্যালয় ২৯ রিম, মিরসরাই ডিগ্রী কলেজ ২০ রিম, লতিফিয়া সিনিয়র মাদ্রাসা ১০ রিম, পশ্চিম মায়ানী উচ্চ বিদ্যালয় ১৮ রিম, হাইতকান্দি উচ্চ বিদ্যালয় ১০ রিম, আবুল কাশেম বালিকা উচ্চ বিদ্যালয় ১০ রিম, মসাদিয়া সর্পামেইজ উচ্চ বিদ্যালয় ১০ রিম, সরকারহাট এন আর হাই স্কুল ১০ রিম, কমল সুন্দর উচ্চ বিদ্যালয় ১০ রিম, জোরারগঞ্জ উচ্চ বালিকা বিদ্যালয় ১০ রিম, গানিয়াতুল উলুম হোসাইনিয়া মাদ্রাসা ১০ রিম, আবু তোরাব সিনিয়র মাদ্রাসা ১০ রিম, মহাজনহাট উচ্চ বিদ্যালয় ১০ রিম, মেহেরুননেছা ফয়েজ আহমেদ উচ্চ বিদ্যালয় ৮ রিম, তেতইয়া মাদ্রাসা ৮ রিম, গোলকেরহাট বালিকা উচ্চ বিদ্যালয় ৭ রিম, জয়পুর পূর্ববাজার উচ্চ বিদ্যালয় ৭ রিম, কমর আলী ইউনিয়ন উচ্চ বিদ্যালয় ৯ রিম, আলহাজ্ব আজহারুল হক নিম্ন মাধ্যমিক বিদ্যালয় ৮ রিম, বারেয়ারহাট উচ্চ বালিকা বিদ্যালয় ৭ রিম, ফাতেমা আদর্শ উচ্চ বিদ্যালয় ১০ রিম, জনার্দিন আদর্শ উচ্চ বিদ্যালয় ১০ রিম, জোরারগঞ্জ উচ্চ বালিকা বিদ্যালয় ৮ রিম, খৈয়াছড়া উচ্চ বিদ্যালয় ৮ রিম, জোরারগঞ্জ মহিলা কলেজ ৫ রিম, ফাতেমা গার্লস উচ্চ বিদ্যালয় ১০ রিম ও মেহেরুন্নেছা ফয়েজ ১৫ রিম কাগজ উঠানোর ছাড়পত্র থানা নির্বাহী কর্মকর্তারা অফিস থেকে নিয়েছেন।